রেজিঃ ডাকযোগে/বাহক
মারফত/ই-মেইল যোগে

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর-০৭
উত্তরা, ঢাকা-১২৩০
[মূসক নীতি ও বাস্তবায়ন শাখা]
www.dknvat.gov.bd

নথি নং- ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(৩৪৩)/নর্দান ফ্যাশনস/অব্যাঃ/২০২০(অংশ-১)        তারিখ:    /   /২০২৬ খ্রিঃ।

## আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তাং-২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী **নর্দান ফ্যাশনস লিঃ, প্লট-১৬-১৮, দক্ষিণ পানিশাইল, ইপিজেড-কালিয়াকৈর রোড, কাশিমপুর, গাজীপুর এবং সম্প্রসারিত ঠিকানা: বড় ভবানীপুর, ওয়ার্ড নং-০২, কাশিমপুর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৪২১৬৬৩-০১০৩)** নামীয় প্রতিষ্ঠানটি রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের প্রতিষ্ঠানের রপ্তানী কাজে ব্যবহৃত বিদ্যুৎ বিলের (অব্যাহতিপ্রাপ্ত বিদ্যুৎ মিটার ১৭৪০০৫৮১ এর পরিবর্তে প্রতিস্থাপিত বিদ্যুৎ মিটার ৩০৯০০৬৯৭৫) উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে এ দপ্তরে আবেদন করেন। উক্ত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সবিস্তারে তদন্ত/পরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য সমনথির পত্র নং-২১৬৬(৫), তারিখঃ ২১/১২/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে জনাব মোঃ আইয়ুব, সহকারী কমিশনার; মিজ্ সিফাত জাহান দিশা, রাজস্ব কর্মকর্তা এবং জনাব মোঃ হাবিবুর রহমান, সহকারী রাজস্ব কর্মকর্তা এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। তদন্ত কমিটি গত ১৯/০১/২০২৬ খ্রিঃ তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে এবং ০২/০২/২০২৬ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠানটি নভেম্বর, ২০২৪ হতে অক্টোবর, ২০২৫ পর্যন্ত সময়ে উৎসে মূসক বাবদ ৩৯,৮৪,৪৬৮/- (উনচল্লিশ লক্ষ চুরাশি হাজার চারশত আটষট্টি) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করে। এছাড়া, প্রতিষ্ঠানটির রপ্তানীর বিপরীতে ফেব্রুয়ারি, ২০২৫ হতে আগস্ট, ২০২৫ পর্যন্ত সময়ে প্রত্যাবসিত বৈদেশিক মুদ্রার পরিমাণ ৭৩,৪৫,৯১,২৯৭ টাকা। পরিশেষে তদন্ত দল উল্লেখিত টেবিলে বর্ণিত বিদ্যুৎ বিলের উপর অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী নির্ধারিত হারে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে সুপারিশ প্রদান করেছেন।

৩। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী **নর্দান ফ্যাশনস লিঃ, প্লট-১৬-১৮, দক্ষিণ পানিশাইল, ইপিজেড-কালিয়াকৈর রোড, কাশিমপুর, গাজীপুর এবং সম্প্রসারিত ঠিকানা: বড় ভবানীপুর, ওয়ার্ড নং-০২, কাশিমপুর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৪২১৬৬৩-০১০৩)** নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল-

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য/সেবার বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| S057 | S057.00 | বিদ্যুৎ বিতরণকারী | ৩০৯০০৬৯৭৫ | ১০৬৯০৯ ৫৮০ ৪৬৯০ | ১০০% |

৪। শর্তসমূহ

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন;

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন;

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে;

ঙ. এ আদেশ ফেব্রুয়ারি, **২০২৬** খ্রিঃ মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে; এবং

চ. এ দপ্তরের পত্র নং- ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(৩৪৩)/নর্দান ফ্যাশনস/অব্যাঃ/২০২০/২২৫৩(৯), তারিখঃ ০১/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে বিদ্যুৎ মিটার ১৭৪০০৫৮১ এর বিপরীতে প্রদত্ত অব্যাহতি সুবিধা বাতিল করা হলো।

মোঃ সামছুল ইসলাম
কমিশনার
ফোন: ০২-৪৮৯৫৮১১৫
ই-মেইল: commdkn@gmail.com

নথি নং- ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(৩৪৩)/নর্দান ফ্যাশনস/অব্যাঃ/২০২০(অংশ-১)/২০৩২(৮) তারিখ: ২০/২/২০২৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।

২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য অনুরোধ করা হলো।

৩। দ্বিতীয় সচিব (মূসক বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।

৪। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

৫। জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, কাশিমপুর জোনাল অফিস। **[আদেশ জারির সময় পর্যন্ত বিদ্যুৎ মিটার ৩০৯০০৬৯৭৫ এর বিপরীতে প্রযোজ্য মূসক আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।]**

৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৭। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল-০২। **তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রতিবেদন প্রেরণ এবং আদেশ জারির সময় পর্যন্ত বিদ্যুৎ মিটার ৩০৯০০৬৯৭৫ এর বিপরীতে প্রযোজ্য মূসক আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।**

৮। ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ফ্যাশনস লিঃ, প্লট-১৬-১৮, দক্ষিণ পানিশাইল, ইপিজেড-কালিয়াকৈর রোড, কাশিমপুর, গাজীপুর এবং সম্প্রসারিত ঠিকানা: বড় ভবানীপুর, ওয়ার্ড নং-০২, কাশিমপুর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৪২১৬৬৩-০১০৩)।

মোঃ আইয়ুব
সহকারী কমিশনার

রেজিঃ ডাকযোগে/বাহক
মারফত/ই-মেইল যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর-০৭
উত্তরা, ঢাকা-১২৩০
[মূসক নীতি ও বাস্তবায়ন শাখা]
www.dknvat.gov.bd

নথি নং- ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(৩৪৩)/নর্দান ফ্যাশনস/অব্যাঃ/২০২০(অংশ-১)    তারিখঃ    /    /২০২৬ খ্রিঃ।

## আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তাং-২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী **নর্দান ফ্যাশনস লিঃ, প্লট-১৬-১৮, দক্ষিণ পানিশাইল, ইপিজেড-কালিয়াকৈর রোড, কাশিমপুর, গাজীপুর এবং সম্প্রসারিত ঠিকানাঃ বড় ভবানীপুর, ওয়ার্ড নং-০২, কাশিমপুর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৪২১৬৬৩-০১০৩)** নামীয় প্রতিষ্ঠানটি রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের প্রতিষ্ঠানের রপ্তানী কাজে ব্যবহৃত বিদ্যুৎ বিলের (অব্যাহতিপ্রাপ্ত বিদ্যুৎ মিটার ১৭৪০০৫৮১ এর পরিবর্তে প্রতিস্থাপিত বিদ্যুৎ মিটার ৩০৯০০৬৯৭৫) উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে এ দপ্তরে আবেদন করেন। উক্ত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সবিস্তারে তদন্ত/পরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য সমনথির পত্র নং-২১৬৬(৫), তারিখঃ ২১/১২/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে জনাব মোঃ আইয়ুব, সহকারী কমিশনার; মিজ্ সিফাত জাহান দিশা, রাজস্ব কর্মকর্তা এবং জনাব মোঃ হাবিবুর রহমান, সহকারী রাজস্ব কর্মকর্তা এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। তদন্ত কমিটি গত ১৯/০১/২০২৬ খ্রিঃ তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে এবং ০২/০২/২০২৬ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠানটি নভেম্বর, ২০২৪ হতে অক্টোবর, ২০২৫ পর্যন্ত সময়ে উৎসে মূসক বাবদ ৩৯,৮৪,৪৬৮/- (উনচল্লিশ লক্ষ চুরাশি হাজার চারশত আটষট্টি) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করে। এছাড়া, প্রতিষ্ঠানটির রপ্তানীর বিপরীতে ফেব্রুয়ারি, ২০২৫ হতে আগস্ট, ২০২৫ পর্যন্ত সময়ে প্রত্যাবসিত বৈদেশিক মুদ্রার পরিমাণ ৭৩,৪৫,৯১,২৯৭ টাকা। পরিশেষে তদন্ত দল উল্লেখিত টেবিলে বর্ণিত বিদ্যুৎ বিলের উপর অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী নির্ধারিত হারে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে সুপারিশ প্রদান করেছেন।

৩। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী **নর্দান ফ্যাশনস লিঃ, প্লট-১৬-১৮, দক্ষিণ পানিশাইল, ইপিজেড-কালিয়াকৈর রোড, কাশিমপুর, গাজীপুর এবং সম্প্রসারিত ঠিকানাঃ বড় ভবানীপুর, ওয়ার্ড নং-০২, কাশিমপুর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৪২১৬৬৩-০১০৩)** নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল-

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য/সেবার বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| S057 | S057.00 | বিদ্যুৎ বিতরণকারী | ৩০৯০০৬৯৭৫ | ১০৬৯০৯ ৫৮০ ৪৬৯০ | ১০০% |

৪। শর্তসমূহ

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন;

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন;

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে;

ঙ. এ আদেশ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিঃ মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে; এবং

চ. এ দপ্তরের পত্র নং- ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(৩৪৩)/নর্দান ফ্যাশনস/অব্যাঃ/২০২০/২২৫৩(৯), তারিখঃ ০১/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে বিদ্যুৎ মিটার ১৭৪০০৫৮১ এর বিপরীতে প্রদত্ত অব্যাহতি সুবিধা বাতিল করা হলো।

মোঃ সামছুল ইসলাম
কমিশনার
ফোন: ০২-৪৮৯৫৮১১৫
ই-মেইল: commdkn@gmail.com

নথি নং- ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(৩৪৩)/নর্দান ফ্যাশনস/অব্যাঃ/২০২০(অংশ-১)/১১৩২(৮) তারিখ: ১০/২/২০২৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।

২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য অনুরোধ করা হলো।

৩। দ্বিতীয় সচিব (মূসক বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।

৪। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

৫। জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, কাশিমপুর জোনাল অফিস। [আদেশ জারির সময় পর্যন্ত বিদ্যুৎ মিটার ৩০৯০০৬৯৭৫ এর বিপরীতে প্রযোজ্য মূসক আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।]

৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৭। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল-০২। তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রতিবেদন প্রেরণ এবং আদেশ জারির সময় পর্যন্ত বিদ্যুৎ মিটার ৩০৯০০৬৯৭৫ এর বিপরীতে প্রযোজ্য মূসক আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৮। ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ফ্যাশনস লিঃ, প্লট-১৬-১৮, দক্ষিণ পানিশাইল, ইপিজেড-কালিয়াকৈর রোড, কাশিমপুর, গাজীপুর এবং সম্প্রসারিত ঠিকানা: বড় ভবানীপুর, ওয়ার্ড নং-০২, কাশিমপুর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৪২১৬৬৩-০১০৩)।

মোঃ আইয়ুব
সহকারী কমিশনার